

একই তারিখ ও স্মারকে প্রতিস্থাপিত



বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড
দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা প্রকল্প (সংশোধিত)
পল্লী ভবন (৬ষ্ঠ তলা)
৫ কাওরান বাজার, ঢাকা-১২১৫।

স্মারক নং: ৪৭.৬২.০০০০.৯৬১.০০.৪০৪.১৩- ৩২৭৫

তারিখ: ২৫/১১/২০১৫ খ্রিস্টাব্দ

বিষয়: প্রকল্পের সহকারী পল্লী উন্নয়ন কর্মকর্তাদের ল্যাপটপ ও মাঠ সংগঠকদের ট্যাব ক্রয়।


উপর্যুক্ত বিষয়ের আলোকে জানানো যাচ্ছে যে, বিআরডিবি কর্তৃক বাস্তবায়নাধীন “দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা প্রকল্পের সকল কার্যক্রম বর্তমান মাইক্রোফাইন্যান্স এমআইএস সফটওয়্যারের মাধ্যমে বাস্তবায়িত হচ্ছে। প্রকল্পের দৈনন্দিন কার্যক্রমের সকল তথ্য নিয়মিত প্রকল্পের অনলাইন সফটওয়্যারে এন্ট্রি করাসহ যাবতীয় কার্যক্রম কম্পিউটারে অনলাইন সফটওয়্যারের মাধ্যমে পরিচালিত হয়। এ সকল কার্যক্রম পরিচালনার জন্য প্রতি উপজেলায় একটি করে ডেস্কটপ কম্পিউটার প্রদান করা হয়েছে; কিন্তু উপজেলায় সরবরাহকৃত কম্পিউটারটিতে কোন সমস্যা হলে এবং প্রকল্প এলাকায় নিরবিচ্ছিন্ন বিদ্যুৎ না থাকায় অনেক সময় ডেস্কটপ কম্পিউটারটি চালান সম্ভব হয় না ফলে ডিজিটাল কার্যক্রম ব্যাহত হয়।

উপজেলা পর্যায়ে প্রকল্পের সহকারী পল্লী উন্নয়ন কর্মকর্তাদের ল্যাপটপ দেয়া হলে, মাইক্রোফাইন্যান্স এমআইএস সফটওয়্যারে ডাটা এন্ট্রি করাসহ ডিজিটাল কার্যক্রম সহজতর হবে। অন্যদিকে মাঠসংগঠকদের ট্যাব সরবরাহ করা হলে, মাঠ সংগঠকগণ সমিতির সদস্যদের লেন-দেন সমিতিতে বসে সফটওয়্যারে তাৎক্ষণিক এন্ট্রি করাসহ তাদের দৈনন্দিন কার্যক্রমের তথ্য ইন্টারনেটের মাধ্যমে প্রকল্প দপ্তরকে অবহিত করাতে পারবেন। এছাড়া ল্যাপটপ ও ট্যাবের সাহায্যে ভিডিও কনফারেন্সের মাধ্যমে প্রকল্পের সুফলভোগীদের সাথে সরাসরি কথাবলা ও তাদের সমস্যার বিষয়ে জানা যাবে এবং একইভাবে তাদেরকে বিষয় ভিত্তিক বিশেষজ্ঞদের সাহায্যে স্বাস্থ্য, পুষ্টি, কৃষি, শিক্ষাসহ বিভিন্ন সেবা প্রদান করা সম্ভব হবে। তাই অটোমেশন কার্যক্রমসহ প্রকল্পের সামগ্রিক কার্যক্রমে অধিকতর গতিশীলতা আনয়নের লক্ষ্যে প্রকল্পের ঘূর্ণায়মান ঋণ তহবিল হতে অগ্রীম প্রদানের মাধ্যমে মাঠ পর্যায়ে সহকারী পল্লী উন্নয়ন কর্মকর্তাদের ল্যাপটপ এবং প্রত্যেক মাঠ সংগঠককে ট্যাব সরবরাহের ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে।

এমতাবস্থায়, প্রকল্পের অটোমেশন কার্যক্রম আরও গতিশীল করার স্বার্থে প্রকল্পের ঘূর্ণায়মান ঋণ তহবিল হতে সহকারী পল্লী উন্নয়ন কর্মকর্তাদের ল্যাপটপ ক্রয় বাবদ সর্বোচ্চ ৪০,০০০/- টাকা এবং প্রত্যেক মাঠ সংগঠককে ট্যাব ক্রয় বাবদ সর্বোচ্চ ১৫০০০/- টাকা নিম্নোক্ত শর্তে অগ্রীম প্রদানের জন্য অনুরোধ করা হলো।

শর্তাবলী:

- ১। সহকারী পল্লী উন্নয়ন কর্মকর্তা ও মাঠ সংগঠকগণ কর্তৃক প্রত্যেকের পৃথক পৃথক আবেদনের ভিত্তিতে অগ্রীম গ্রহণ করতে হবে;
- ২। আগামী ৩১/১২/২০১৫ খ্রিঃ তারিখের মধ্যে প্রত্যেক এআরডিও এবং মাঠ সংগঠককে ল্যাপটপ/ট্যাব ব্যবহার নিশ্চিত করতে হবে;
- ৩। সীম ব্যবহার করা যায় এ ধরনের ট্যাব ক্রয় করতে হবে;
- ৪। ল্যাপটপ/ট্যাব সার্বক্ষণিক প্রকল্পের কাজে ব্যবহার করতে হবে;
- ৫। ল্যাপটপ/ট্যাব বিক্রয় বা হস্তান্তর করা যাবে না;
- ৬। ল্যাপটপ/ট্যাব ক্রয়ের জন্য গৃহীত অগ্রীম মাসিক কিস্তিতে প্রতি মাসের বেতন হতে পরবর্তী এক বছরের মধ্যে সমন্বয় করতে হবে;
- ৭। ব্যক্তিগত বা পারিবারিক কারণে কোন কর্মকর্তা-কর্মচারী চাকুরী হতে অব্যাহতি নিলে এবং তার গৃহীত অগ্রীম অপরিশোধিত থাকলে, তার ব্যবহৃত/ক্রয়কৃত ল্যাপটপ/ট্যাবটি প্রকল্প অফিসে জমা প্রদানপূর্বক ছাড়পত্র নিতে হবে।


(প্রকৌশলী মোহাম্মদ কামরুল আলম)
প্রকল্প পরিচালক (ইরেসপো)
বিআরডিবি, ঢাকা।

উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা

-----উপজেলা

----- জেলা

সদয় অবগতি জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়) :

- ১। উপপরিচালক, বিআরডিবি, -----জেলা।
- ২। মহাপরিচালক মহোদয়ের একান্ত সচিব, বিআরডিবি, ঢাকা।
- ৩। পরিচালক (সরেজমিন) মহোদয়ের একান্ত সহকারী, বিআরডিবি, ঢাকা।
- ৪। প্রোগ্রামার (ইরেসপো), বিআরডিবি, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের জন্য)।
- ৫। সহকারী পল্লী উন্নয়ন কর্মকর্তা (ইরেসপো), বিআরডিবি, উপজেলাঃ -----, জেলাঃ -----।
- ৬। মাঠ সংগঠক (ইরেসপো), বিআরডিবি, উপজেলাঃ -----, জেলাঃ -----।
- ৭। অফিস কপি।